

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.৩২.০৭২.১৬.২০৬

তারিখ: ৩ আশ্বিন ১৪২৬

১৮ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: সদর দপ্তরে ই-নথি ব্যবহারে গতিশীলতা আনয়ন।

সুপ্রিয় সহকর্মী,

আমার আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি নিশ্চয় অবহিত আছেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর সহযোগিতায় ই-নথি কার্যক্রমে বিআরডিবি ইতোমধ্যে অর্ন্তভুক্ত হয়েছে এবং সুষ্ঠুভাবে সাফল্যের সাথে এ কার্যক্রম পরিচালনা করছে। এ সাফল্যে বিআরডিবি পরিবারের একজন সদস্য হিসেবে আপনারও অবদান রয়েছে। আপনি সম্যকভাবে অবহিত আছেন যে, একটি প্রতিষ্ঠানের সফলতা নির্ভর করে এর সকল বিভাগ ও অঙ্গ প্রতিষ্ঠানের সম্মিলিত প্রয়াসের উপর এবং প্রত্যেক বিভাগ/শাখা বা অঙ্গ প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীর সক্রিয় অংশগ্রহণে কেবল সফলতা অর্জন ও এর ধারাবাহিকতা বজায় রাখা সম্ভব।

২. এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক দপ্তর/সংস্থার অবস্থান নিরূপন করে যে রিপোর্ট তৈরি করা হচ্ছে তাতে পরিলক্ষিত হচ্ছে যে সম্প্রতি বিআরডিবি'র অবস্থান ক্রমাগত নিম্নগামী। বিআরডিবি'র মত একটি প্রতিষ্ঠানে ই-নথির মাধ্যমে মাসে মাত্র ১৩০-১৩৫ টি পত্র জারী করা হচ্ছে যা মোটেই কাম্য নয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং উদ্ভাবনী উদ্যোগসহ অন্যান্য অনেক বিষয়ের সূচক মান হিসেবে ই-ফাইলিং নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও কার্যক্রমের অগ্রগতির ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে সহকর্মীদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। পরিচালক মহোদয়গণ তাঁদের বিভাগের আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ই-নথি কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন।

৩. ই-নথি কার্যক্রমে গতিশীলতা আনয়নে এবং অগ্রগতির ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে সকল সহকর্মীগণের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস ও প্রত্যাশা করি।

১৮-৯-২০১৯

মোঃ গিয়াস উদ্দিন আহমেদ

মহাপরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০২

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: dg@brdb.gov.bd

বিতরণ :

- ১) পরিচালক (সকল) বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৪) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।